

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স -৩১৩৬ (আগরতলা, ৭।১২)

আমবাসা, ৭ ডিসেম্বর ২০১৮

ধলাইয়ে স্বাস্থ্য বিষয়ক জেলাভিত্তিক  
পর্যালোচনা সভা অনুষ্ঠিত

ধলাই জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে ধলাই জেলাশাসকের কার্যালয়ের সভাগৃহে জেলাভিত্তিক স্বাস্থ্য বিষয়ক গভর্নিংবডি'র কাজকর্মের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় ধলাই জেলাশাসক বিকাশ সিং সভাপতিত্ব করেন। ধলাই জেলা স্বচ্ছ ভারত মিশনের সদস্য সচিব হিরণ্য চাকমা সহ স্বাস্থ্য আধিকারিক ও স্বাস্থ্যকর্মীরা সভায় উপস্থিত ছিলেন। শিশুদের টিকাকরণ, গর্ভবতী মায়েদের টিকাকরণ, পুষ্টিকর খাদ্য, হাসপাতালে প্রসব করানো, ম্যালেরিয়া রোগ প্রতিরোধে স্বাস্থ্য শিবির করা এবং জনসচেতনতা বৃদ্ধি করা,ভিলেজগুলিতে স্বাস্থ্য ও পুষ্টি দিবসের প্রতি আরো গুরুত্ব দেওয়া, জননী শিশু সুরক্ষা কার্যক্রম, মিশন ইন্ড্রধনুষ, হাম-রুবেলা টিকাকরণ, রোগী কল্যাণ সমিতির কাজকর্ম, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলোতে পানীয় জলের সুব্যবস্থা করা, দূরবর্তী গ্রামগুলোতে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার উপর অধিক গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে আলোচনা করেন ধলাই জেলার জেলাশাসক বিকাশ সিং, ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. শরদিন্দু রিয়াং, বিশ্ব স্বাস্থ্য সংস্থার কনসালটেন্ট ডা. মহেশ পাটিল, ধলাই জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিক জ্যোতির্ময় দেবনাথ প্রমুখ। ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. শরদিন্দু রিয়াং সভায় জানান, চলতি বছরের ১৫ সেপ্টেম্বর থেকে এ পর্যন্ত ধলাই জেলায় ৯ মাস থেকে ১৫ বছর বয়সের ১লক্ষ ১০ হাজার ৩৫০ জন ছেলেমেয়েকে হাম-রুবেলার টিকা দেওয়া হয়েছে। টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা ছিল ১ লক্ষ ১৪ হাজার ১৭৬ জন। এছাড়া, ধলাই জেলায় ম্যালেরিয়া রোগ প্রতিরোধের জন্য জেলায় ৮টি ব্লক এলাকার বিভিন্ন গ্রামে ১ লক্ষ ৮০ হাজার ৪০০টি মশারি বিতরণের কাজ চলছে।

\*\*\*\*\*